



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং  
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৯.২৫৭

তারিখ : ১৮-১২-২০১৯ খ্রিঃ

### অনলাইনে পরীক্ষার তথ্য প্রেরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি


০৮ ডিসেম্বর, ২০১৯ হতে চলমান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষার প্রতিদিনের প্রতি শিফটের পরীক্ষার রিপোর্ট বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে কেন্দ্র হতে অনলাইনে প্রেরণ করার জন্য বলা হলেও অনেক কেন্দ্র নির্ধারিত সময়ে অনলাইনে তথ্য প্রেরণ করছেন না। এতে মন্ত্রণালয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য প্রদান করা বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায় সকল প্রতিষ্ঠান মূল্যায়ন কেন্দ্র এবং বোর্ড মূল্যায়ন কেন্দ্রকে নিম্ন বর্ণনা মোতাবেক অনলাইনে তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- প্রেরণের নিয়ম: www.bteb.gov.bd -> অনলাইনে তথ্য প্রেরণ/গ্রহন -> ডিপ্লোমা পর্যায় -> অনলাইন মার্ক/জিপিএ/এবসেন্ট এন্ট্রি (Center Examinee Info Entry Diploma In Engg. & Tourism) -> কারিকুলাম কোড ১৫-> প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে প্রাপ্ত টেবিলে তথ্য এন্ট্রি করতে হবে।
- সকালের পরীক্ষার রিপোর্ট দুপুর ১২.০০ হতে দুপুর ২.০০ এর মধ্যে এবং বিকালের পরীক্ষার রিপোর্ট বিকাল ৪.০০ হতে বিকাল ৫.১৫ মিনিটের মধ্যে Online এ প্রেরণ করতে হবে। উক্ত সময়ের পর অনলাইন বন্ধ হয়ে যাবে বিধায় রিপোর্ট প্রেরণ করা যাবে না।

সকালের তথ্য সকালে এবং বিকালের তথ্য বিকালে পৃথকভাবে নির্দিষ্ট ছকে এন্ট্রি করতে হবে।

এছাড়া বিকাল ৫.৩০ ঘটিকার মধ্যে shahindcbteb@gmail.com ইমেইল ঠিকানায়ও পরীক্ষার রিপোর্ট প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


  
(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোন : ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৯.২৫৭(৭)

তারিখ : ১৮-১২-২০১৯ খ্রিঃ

অনুলিপি সময় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, (সকল)।
৪. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল)।
৫. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. নথি।

  
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোন : ০২-৫৫০০৬৫৩১